

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪২৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০) বিনা ওজরে জামাআত ত্যাগ করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك حضور الجماعة لغير عذر

## আরবী

(صحيح) و عَنِ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ فِتْيَتِي فَيَجْمَعُوا لي حُزَمًا مِنْ حَطَب، ثُمَّ آتِي قَوْمًا يُصَلُّونَ فِي بُيُوتِهِمْ، لَيْسَتْ بِهِمْ عِلَّةُ، فَأُحَرِّقُهَا عَلَيْهِمْ فقيل لِيَزِيدَ بْنِ الْأَصَمِّ الْجُمُعَةَ عَنَى أَوْ غَيْرَهَا بَيُوتِهِمْ، لَيْسَتْ أَذُنَايَ إِنْ لَمْ أَكُنْ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَأْثُرُهُ عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا ذَكَرَ جُمُعَةً وَلَا غَيْرَهَا. (رواه مسلم وأبو داود وابن ماجه والترمذي مختصرا)

## বাংলা

৪২৮. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "আমি ইচ্ছা করছি যে, কিছু যুবককে আদেশ দেব, তারা আমার জন্যে কাঠের একটি বোঝা তৈরী করবে, তারপর তা নিয়ে এমন লোকদের কাছে যাবো যারা বাড়ীতে সালাত আদায় করে অথচ তাদের কোন ওযর নেই; অতঃপর তাদেরকেসহ তাদের গৃহগুলো জ্বালিয়ে দিব।"

ইয়াযীদ বিন আসামকে প্রশ্ন করা হল: এ দ্বারা কি নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জুমআর নামায না অন্য কিছু উদ্দেশ্য করেছেন? তিনি বললেনঃ আমার দু'কান বধির হয়ে যাবে আমি যদি আবু হুরায়রার (রাঃ) কাছে হাদীছিট না শুনে থাকি, তিনি তা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেছেন। তাতে তিনি জুমআ বা অন্য কিছু উল্লেখ করেননি।

(মুসলিম ৬৫১, ইবনে মাজাহ ৭৯১, আবু দাউদ ৫৪৯ ও সংক্ষিপ্তভাবে তিরমিয়ী ২১৭ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন